


“প্রেস বিজ্ঞপ্তি”

কুয়াকাটাস্থ SEA-ME-WE-5 (SMW-5) সাবমেরিন ক্যাবলটির সংযোগ সিঙ্গাপুর প্রান্তে আকস্মিকভাবে বিচ্ছিন্ন হওয়ায় ইন্টারনেট সেবা ব্যাহত হওয়া প্রসঙ্গে।

ঢাকা, ২০ এপ্রিল, ২০২৪ খ্রি.: বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, গত ১৯/০৪/২০২৪ খ্রি. শুক্রবার দিবাগত রাত ১২ টা বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি এর আওতাধীন দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবলটির (SMW-5) সিঙ্গাপুর হতে ৪৪০ কিমি. পশ্চিম প্রান্তে আকস্মিকভাবে বিচ্ছিন্ন হয়ে যায় এবং উক্ত ক্যাবলের মাধ্যমে কুয়াকাটা-সিঙ্গাপুর অভিমুখী সকল ট্রাফিক বর্তমানে বন্ধ আছে। SMW-5 কনসোর্টিয়ামের মাধ্যমে ক্যাবলটি মেরামত করে দ্রুত পুনঃসংযোগের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

উল্লেখ্য যে, কক্সবাজারে অবস্থিত SMW-4 সাবমেরিন এবং আইটিসি প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে বর্তমানে দেশে ইন্টারনেট সেবা প্রদান অব্যাহত আছে এবং SMW-5 এর বিচ্ছিন্নকৃত উল্লেখযোগ্য পরিমাণ ব্যান্ডউইথ SMW-4 ক্যাবলে শিফটিং করা হচ্ছে। তবে SMW-5 সাবমেরিন ক্যাবল পুনরায় মেরামত করে চালু না হওয়া পর্যন্ত ইন্টারনেটের গতি ধীর থাকতে পারে।

সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।


২০/০৪/২০২৪
(সাইদুর রহমান)

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ)

ফোন (অফিস): +৮৮০২২২৬৬০৩৩১৪

E-mail: gm.onm@bscplc.gov.bd

প্রতি,

বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার

.....

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তি জনস্বার্থে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য বিশেষ অনুরোধ জানানো যাচ্ছে।